# এইসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (সৃজনশীল)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

[ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে-কোন ৭টি প্রশ্নের উত্তর দাও:]

১.▶ উদ্যমী যুবক আহসান ২৫,০০০ টাকা ধার করে মোট ৫০,০০০ কার পণ্যসামগ্রী কিনে মুদি দোকান সাজিয়ে ব্যবসায় শুরু করল। স্বল্প পুঁজির কারণে তার দোকানে পর্যাপ্ত পণ্যসামগ্রী নেই। ফলে সে প্রায়ই ক্রেতার চাহিদা পূরণে ব্যর্থ হয়। এতে সে ভীষণ চিন্তিত হয়ে পড়ে। এমতাবস্থায় কয়েকজন নিয়মিত ক্রেতার পরামর্শে সে যেসব পণ্য সরবরাহ করতে পারে না, তার একটি তালিকা প্রস্তুত করে পরবর্তীতে ঐসব পণ্য দোকানে তোলেন। কিছু দিনের মধ্যেই তার বিক্রয় বৃদ্ধি পায় এবং ধীরে ধীরে সে ব্যবসায় উন্নতি লাভ করে

ক. একমালিকানা ব্যবসায় কী? ১

খ. একমালিকানা ব্যবসায়ের অসীম দায় বলতে কী বুঝ? ২

গ. একমালিকানা ব্যবসায়ের কোন বৈশিষ্ট্যটি উদ্দীপকের ব্যবসায়িকে প্রতিষ্ঠিত ব্যবসায়ি হতে সাহায্য করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের পরিস্থিতিতে একমালিকানা ব্যবসায় নির্বাচন করার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

২.▶ কবির তার বাসার পাশে গোমতি ব্যাংক লিঃ একটি বিশেষায়িত হিসাব খোলে। শুধু মোবাইল সেটের মাধ্যমে সে ব্যাংকের সাথে যোগাযোগ প্রতিষ্ঠা, তথ্য সংগ্রহ, তথ্য প্রদান ও লেনদেন সম্পন্ন করে এবং তার ব্যবহৃত মোবাইল নম্বরটি প্রদান করে। যেকোনো সময় সে তার ব্যালেন্স জানতে পারে, অর্থ উত্তোলন করতে পারে এবং অর্থ স্থানান্তর করতে সক্ষম হয়।

ক. তথ্য প্রযুক্তি কী? ১

খ. প্রযুক্তির ব্যবহার ব্যাংকিং কার্যকে সহজতর করেছে। ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত কবিরের ব্যাংকিং কার্য কোন ধরণের ব্যাংকিং? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'প্রচলিত ব্যাংকিং এর তুলনায় উদ্দীপকে বর্ণিত ব্যাংকিং সহজতর" ব্যাখ্যা করো। ৪

৩.▶ মি. এ একজন আমদানিকারক। তিনি ভারত থেকে শাড়ি কিনে বাংলাদেশের বিভিন্ন মার্কেটে পাইকারি বিক্রি করেন। ব্যবসায়টি লাভজনক হওয়ায় তিনি এর সম্প্রসারণের বিষয়ে ভাবছেন। এতে প্রচুর অর্থ প্রয়োজন। ব্যাংক থেকে ঋণ নিয়ে অর্থসংস্থান সম্ভব হবে। আবার ধনাঢ্য বন্ধু বি কে সমঝোতার ভিত্তিতে ব্যবসায়ের মালিকানায় অন্তর্ভুক্তি করার বিষয়ও চিন্তা করছেন।

ক. আমদানি কি? ১

খ. নামমাত্র অংশীদার বলতে কী বুঝায়? ২

গ. মি.এ এর ব্যবসায়টি সম্প্রসারণের যৌক্তিকতা ও করণীয় নির্ধারণ করো। ৩

ঘ. বি কে অংশীদার হিসেবে গ্রহনের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৪.▶ জনাব রাজিব নরসিংদীর মাধবদীতে একটি জামদানি শাড়ীর কারখানা স্থাপন করেন। মাধবদীতে দক্ষ পোশাক শ্রমিক ও স্থানীয়ভাবে বাজারজাতকরণের সুবিধা রয়েছে। ঐতিহ্যবাহী জামদানি শাড়ির দেশে ও বিদেশে যথেষ্ট চাহিদা ও সুনাম রয়েছে। প্রতিষ্ঠানটি প্রথমদিক মূলধনের সংকটে পড়ে এবং স্থানীয় একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে সমস্যার সমাধান করে। বর্তমানে প্রতিষ্ঠানটি সুনামের সাথে ব্যবসায় পরিচালনা করছে।

http://teachingbd.com

ক. সামাজিক ব্যবসায় কী? ১
খ. পণ্যের মালিকানা সংক্রান্ত প্রতিবন্ধকতা কীভাবে দূর করা যায়? ২
গ. জনাব রাজিব মাধবদীতে কারখানা স্থাপনে পরিবেশের কোনো উৎপাদনকে বিবেচনা করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, প্রতিষ্ঠানটির সফলতা অর্জনে ব্যবসায় পরিবেশের প্রভাব রয়েছে? উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৪

৫.▶ ABC লি. একটি বৃহদায়তন ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির সুনাম অর্জন ও মুনাফা বৃদ্ধিকল্পে কিছু সমাজসেবামূলক প্রকল্প হাতে নিচ্ছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের গরিব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি চালু করতে যাচ্ছে। এতে প্রচুর অর্থ ব্যয় হয়। কিন্তু প্রশাসন ও ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি নিয়ে ভাবছে না, বরং এ কাজের ফলে আরও মুনাফা বৃদ্ধির প্রত্যাশা করছে।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. "ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতা পরস্পর সম্পর্কিত"-ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত লি. এর শিক্ষাবৃত্তি প্রকল্প ব্যবসায়ের কোন দায়িত্বের উদাহরণ? কেন। ৩
ঘ. উল্লিখিত শিক্ষাবৃত্তি প্রকল্পের সফল বাস্তবায়নে প্রতিষ্ঠানটি লাভবান হবে কী? বিশ্লেষণ করো। ৪

৬.▶ শাহেদ 'Y' কোম্পানির নিকট হতে ৫ বছর মেয়াদি প্রতিটি ২০০ টাকা মূল্যের অগ্রাধিকার শেয়ার ক্রয় করে। মেয়াদ শেষে কোম্পানি ১০% অধিকহারে তাকে মূল্য পরিশোধ করে। অপরদিকে শাহেদের বন্ধু অন্য একটি কোম্পানি হতে একই মেয়াদে সমপরিমাণ অগ্রাধিকার শেয়ার ক্রয় করে। শর্তানুযায়ী মেয়াদ শেষে অগ্রাধিকার শেয়ার সাধারণ শেয়ারে পরিণত হবে।

ক. ঋণপত্র কী? ১
খ. সকল ধরনের শেয়ারহোল্ডারগণ ব্যবসায় পরিচালনা করতে পারে না- ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত শাহেদের ক্রয়কৃত শেয়ার কোন ধরণের অগ্রাধিকার শেয়ার? কেন? ৩
ঘ. শাহেদ ও শাহেদের বন্ধুর শেয়ারের মৌলিক পার্থক্য কোথায়? বিশ্লেষণ করো। ৪

৭.▶ মি. হাবিব একজন ইঞ্জিনিয়ার। তিনি একটি নতুন ব্যবসায়ের মডেল সরকারের নিকট উপস্থাপন করেন। এতে স্বল্প ব্যয়ে ও সহজ উপায়ে ইন্টারনেট সুবিধা প্রদানের নিমিত্তে সরকারি মালিকানায় ও নিয়ন্ত্রণে একটি কোম্পানি গঠনের প্রস্তাব থাকে। কোম্পানির স্বাধীন আইনগত মর্যাদা ও চিরন্তন অস্তিত্ব থাকবে। জনকল্যাণ ও একচেটিয়া ব্যবসায় রোধ করাই ঐ কোম্পানির মূল লক্ষ্য হবে।

ক. PPA এর পূর্ণরূপ কী? ১
খ. "বাংলাদেশ রেলওয়ে একটি গুরুত্ব প্রতিষ্ঠান।" ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত মি. হাবিব কর্তৃক প্রস্তাবিত কোম্পানি কোন ধরণের ব্যবসায় সংগঠন? কেন? ৩
ঘ. সাধারণ কোম্পানির ব্যবসায়ের সাথে প্রস্তাবিত কোম্পানি ব্যবসায়ের মৌলিক পার্থক্য নির্ণয় করো। ৪

৮.▶ কানাডা প্রবাসি ফারজানা বাংলাদেশে এসে কেনাকাটায় বেশ সাবধানতা অবলম্বন করেন। তিনি শপিং মলে গিয়ে পণ্য কেনার সময় দেখেন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কি না। বেবি ফুড, প্রসাধনী, ইলেকট্রনিক্স আইটেমসহ সকল ক্ষেত্রে তিনি দেখেশুনে কেনার চেষ্টা করেন। বড় কোম্পানির প্রতিষ্ঠিত ব্রান্ড দেখে তিনি পণ্য ক্রয়ে আগ্রহী।

http://teachingbd.com

ক. ISO এর পূর্ণরূপ কী? ১
খ. ব্রান্ড বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যথাযথ কর্তৃপক্ষ বলতে কাকে বোঝানো হয়েছে এবং এর কাজ কী? ৩
ঘ. ফারজানা যে আইনগত বিষয়টি দেখে পণ্য ক্রয় করেন তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৯.▶ মি. রতন তার ৬০ জন বন্ধু নিয়ে আইনসম্মত ও চিরন্তন অস্তিত্ব সম্পন্ন একটি ব্যবসায় গঠন করেন। তারা ব্যবসায়ের নিবন্ধন করেন এবং কার্যারম্ভের ছাড়পত্র পেয়েই কাজ শুরু করে। অন্যদিকে মি. মানিক তার কলোনীর ২০ জন বাসিন্দার পারস্পরিক আর্থিক কল্যাণে একটি নিবন্ধিত সংঘ প্রতিষ্ঠা করেন। সংঘটি বিভিন্ন প্রকার নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রী উৎপাদকের নিকট হতে সংগ্রহ করে সুলভে সদস্যদের মধ্যে বিতরণ করে।

ক. বিবরণপত্র কী? ১
খ. প্রাইভেট লিঃ কোম্পানি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত মি. মানিক কোন ধরণের ব্যবসা সংগঠনের সদস্য? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সংগঠন দুটির মধ্যে কোনটি জনকল্যাণে অধিকতর ভূমিকা রাখতে পারে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ এল এল বি পাশ করার পর জনাব আকিব চৌধুরী কারও অধীনে চাকরি না করে 'চৌধুরী লিগ্যাল এইড' নামে একটি ফার্ম গঠন করেন। প্রতিষ্ঠানটি নতুন হওয়ায় গ্রাহকসংখ্যার পরিমাণ খুবই কম। অল্প দিনেই বিভিন্ন মামলায় গ্রাহকদের প্রত্যাশা পূরণে সক্ষম হলেও স্থানীয় অনেকেই তা অবগত নন। এর ফলে তিনি ব্যবসায়ের কার্যক্রম চালাতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন।

ক. ব্যবসায় কী? ১
খ. প্রজনন শিল্প বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'চৌধুরী লিগ্যাল এইড' এর কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রাতিষ্ঠানিক উদ্ভূত পরিস্থিতি থেকে উত্তরণের উপায় কি বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ সন্তোষ দত্ত টাঙ্গাইলের ঐতিহ্যবাহী 'দত্ত শাড়ি ঘর' এর প্রতিষ্ঠাতা। প্রতিষ্ঠানটির শাড়ির মান যথেষ্ট ভালো এবং দামও তুলনামূলক কম। দত্ত শাড়ি ঘরের তাঁতের শাড়ির সুনাম ও চাহিদা রাজধানী শহরেও ছড়িয়ে পড়ছে। সন্তোষ দত্তের একমাত্র ছেলে সমীরণ দত্ত বিদেশ থেকে এমবিএ ডিগ্রি অর্জন করে চাকরি না খুঁজে ঢাকার পল্লবীতে গড়ে তোলেন 'টাঙ্গাইলের আদি দত্ত শাড়ি ঘর'। সমীরণ দত্ত কয়েক বছরেই ব্যবসায়ে যথেষ্ট সফলতা অর্জন করেন। দেশ-বিদেশে ব্যাপক চাহিদা সৃষ্টি হওয়ায় সমীরণ দত্ত বিদেশে ব্যবসায় শাখা গঠনের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. ব্যবসায়িক কারণে কিভাবে পরিবেশ দূষিত হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সমীরণ দত্তের ব্যবসায়িক সফলতা পরিবেশের কোন উপাদানটি সর্বাপেক্ষা বেশি ভূমিকা রেখেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সমীরণ দত্তের ব্যবসায় সম্প্রসারণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

সময় — ৩০ মিনিট

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. সমবায় সমিতির মুনাফার কত ভাগ সঞ্চিত তহবিলে রাখতে হয়?

ক ৫%　　খ ১০%
গ ১৫%　　ঘ ২০%

২. কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত নিয়মনীতি কোন দলিলে লিখা থাকে?

ক নিবন্ধনপত্র　　খ বিবরণপত্র
গ সংঘস্মারক　　ঘ সংঘবিধি

৩. পেটেন্ট অনুপ্রাণিত করে—

i. নতুন উদ্ভাবনের জন্য
ii. মুনাফা বৃদ্ধির করার জন্য
iii. গবেষণা কার্যক্রমে উৎসাহিত করার জন্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

৪. TMSS এর পূর্ণরূপ কোনটি?

ক ঠেঙ্গামারা মহিলা সোনালি সংঘ
খ ঠেঙ্গামারা মহিলা সম্প্রদায় সংঘ
গ ঠেঙ্গামারা মহিলা সম্প্রদায় সমিতি
ঘ ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**

পদ্মানদীর পাড়ের জেলেরা ব্যক্তিগতভাবে নদীতে মাছ ধরে এবং সাহেব বাজারে বিক্রি করে থাকে। তারা সমবায় সমিতি গঠনের মাধ্যমে মাছের ন্যায্যমূল পেতে চায়।

৫. জেলেরা কোন ধরনের সমবায় সমিতি গঠন করতে চায়?

ক উৎপাদক　　খ বিক্রেতা
গ বহুমুখী　　ঘ শ্রমজীবী

৬. উদ্দীপকে বর্ণিত জেলেরা তাদের সমিতি থেকে যা করতে পারে তা হলো—

i. বৈষম্য দূর
ii. জীবনযাত্রার মানোন্নয়ন
iii. সঞ্চয় সৃষ্টি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব রিয়াজ নতুন একটি সফট্ ড্রিংকস বাজারে নিয়ে এসেছেন। কিন্তু ক্রেতাদের আগ্রহ না থাকায় ড্রিংকসটি বাজারে বেশি দিন টিকতে পারেনি।

৭. সফ্ট ড্রিংকস বাজারে নিয়ে আসার পূর্বে জনাব রিয়াজের কোন কাজটি করা উচিত ছিল?

ক উদ্ভাবন ও উন্নয়ন
খ বাজার গবেষণা
গ মূল্য হ্রাস
ঘ আকর্ষণীয় মোড়কিকরণ

৮. জনাব রিয়াজের ব্যবসায়িক সমস্যা উত্তরণের উপায় হলো—

i. বাজারজাতকরণ প্রসার
ii. গ্রাহক সেবা প্রদান
iii. তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**

আয়েশা খানম 'অহনা' নামের একটা ব্র্যান্ডের নিবন্ধন করেন। তিনি এ ব্র্যান্ডের শাড়ি তৈরি করে বিক্রয় করেন এবং নকল এড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন।

৯. আয়শা খানমের 'অহনা' ব্র্যান্ডের নিবন্ধনকে কী বলা হয়?

ক কপিরাইট　　খ ট্রেডমার্ক
গ মেমোরেন্ডাম　　ঘ পেটেন্ট

১০. আয়শা খানমের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার কারণ হলো—

i. উদ্ভাবিত পণ্য অন্যের দ্বারা নকল না করা
ii. অন্য কেউ নিবন্ধন না করা
iii. অন্য কেউ পণ্য থেকে সুবিধা না পাওয়া

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও ii　　ঘ i, ii ও iii

১১. দায়ের দিক থেকে কোন ব্যবসায়ের ঝুঁকি সবচেয়ে বেশি?

ক একমালিকানা　　খ অংশীদারি
গ যৌথ মূলধনী　　ঘ সমবায় সমিতি

**নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**

দশজন আলুচাষি একত্রিত হয়ে একটি সমবায় সমিতি গঠন করেছে। তারা তাদের উৎপাদিত ঢাকাসহ বিভিন্ন অঞ্চলে সরবরাহ করে ২০১৪ সালে ১,২০,০০০ টাকা মুনাফা করেছে।

১২. উদ্দীপকে বর্ণিত আলুচাষীদের গঠিত সমবায় সমিতির সদস্যদের প্রকৃত বিচারে কোন ধরনের সমবায় সমিতি?

ক শ্রমজীবী　　খ উৎপাদক
গ বিক্রয়　　ঘ বহুমুখী

১৩. উদ্দীপকে বর্ণিত সমবায় সমিতির প্রত্যেক সদস্য মুনাফা হিসেবে কত টাকা পাবে?

ক ১০,০০০ টাকা　　খ ১২,০০০ টাকা
গ ১৫,০০০ টাকা　　ঘ ২০,০০০ টাকা

TeachingBD.com

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।

ম্যাক্স গার্মেন্টস পর পর দুই বৎসর লোকসান দেওয়ায় ম্যাক্স গার্মেন্টস ঋণগ্রস্ত হয়ে পড়ে। এ অবস্থায় রিয়া গার্মেন্টস বেশির ভাগ শেয়ার কিনে নিয়ে এটি নিয়ন্ত্রণ গ্রহণ করে।

**১৪. রিয়া গার্মেন্টসকে এখানে কোন ধরনের কোম্পানির বলা হবে?**
- ক) বেসরকারি
- খ) হোল্ডিং
- গ) সাবসিডিয়ারি
- ঘ) শেয়ার মূল্য দ্বারা সীমাবদ্ধ

**১৫. উদ্দীপকে বর্ণিত ঘটনার পরে ম্যাক্স গার্মেন্টস—**
- i. বিলুপ্তির হাত থেকে রক্ষা পেল
- ii. এর স্বাধীন সত্তা বজায় রাখলো
- iii. ঋণ পরিশোধ সক্ষম হলো

**নিচের কোনটি সঠিক?**
- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

**১৬. সমবায় সমিতির গঠনতন্ত্র কোনটি?**
- ক) চুক্তি
- খ) উপবিধি
- গ) সংঘস্মারক
- ঘ) পরিমেল নিয়মাবলি

**১৭. একটি দেশের উন্নয়নের জন্য নিচের কোনটি অধিক কার্যকরী?**
- ক) PPP ব্যবসায়
- খ) দেশি-বিদেশি যৌথ উদ্যোগে ব্যবসা
- গ) রাষ্ট্রীয় ব্যবসা
- ঘ) সমবায় ব্যবসা

**১৮. যে অংশীদার মূলধন বিনিয়োগ করে না, কিন্তু সক্রিয়ভাবে ব্যবসায়ের কাজে অংশগ্রহণ করে এ ধরনের অংশীদারকে কী বলে?**
- ক) সক্রিয়
- খ) কর্মী
- গ) নামমাত্র
- ঘ) সীমিত

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।

দক্ষিণ এশিয়ার কয়েকটি দেশ ১৯৮৫ সালে প্রথম সম্মেলনের মাধ্যমে আঞ্চলিক জোট গঠন করে। পরবর্তীতে জোটের দেশসমূহণ বাণিজ্যের ক্ষেত্রে যে চুক্তি করে তার ফলে দক্ষিণ এ এশিয়ার দেশসমূহের ব্যবসা-বাণিজ্যের অগ্রগতি পরিলক্ষিত হয়।

**১৯. উদ্দীপকে ১ম পর্যায়ে কোন সংস্থার কথা উল্লেখ করা হয়েছে?**
- ক) SAARC
- খ) ASEAN
- গ) BIMSTEC
- ঘ) SAPTA

**২০. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটির পরবর্তী চুক্তির উল্লেখযোগ্য বিষয় হলো—**
- i. তালিকাভুক্ত পণ্যের ক্ষেত্রে শুল্ক হার কমানো
- ii. তালিকা বহির্ভূত পণ্যেল ক্ষেত্রে শুল্ক হার বাড়ানো
- iii. শুল্ক মুক্ত অবাধ বাণিজ্য সৃষ্টি

**নিচের কোনটি সঠিক?**
- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

**২১. পাবলিক লি. কোম্পানির সর্বনিম্ন সদস্য কত?**
- ক) ২
- খ) ৭
- গ) ১০
- ঘ) ২০

**২২. বাংলাদেশে মোবাইল ব্যাংকিং প্রথা সর্বপ্রথম কোন ব্যাংক চালু করে?**
- ক) ডাচ-বাংলা
- খ) জনতা
- গ) যমুনা
- ঘ) ঢাকা

**২৩. চুক্তিতে কোনো বিষয় উল্লেখ করা না থাকলে তা কীভাবে নিষ্পত্তি করা হয়?**
- ক) আদালতের দ্বারা
- খ) অংশীদারগণের মতো অনুযায়ী
- গ) সরকারর নির্দেশ অনুসারে
- ঘ) অংশীদারি আইন অনুযায়ী

**২৪. প্রাইভেট লিমিটেড কোম্পানির কখন কার্য আরম্ভ করতে পারে?**
- ক) উদ্যোগ গ্রহণে পর
- খ) নিবন্ধনের পর
- গ) কার্যারম্ভের অনুমতি সংগ্রহের পর
- ঘ) স্মারকলিপি তৈরর পর

**২৫. পরিচালকের যোগ্যতাসূচক শেয়ার ক্রয়ের প্রতিশ্রুতি সংক্রান্ত দলিল কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য?**
- ক) প্রাইভেট লিমিটেড কোম্পানি
- খ) অংশীদারি ব্যবসায়
- গ) পাবলিক লিমিটেড কোম্পানি
- ঘ) হোল্ডিং কোম্পানি

**২৬. বিশেষ করে নারী উদ্যোক্তাদের এগিয়ে নিতে প্রশিক্ষণ ও ঋণ সুবিধা কোন প্রতিষ্ঠানে দিয়ে থাকে?**
- ক) যুব অধিদপ্তর
- খ) কর্মসংস্থান ব্যাংক
- গ) SME
- ঘ) মাইডাস

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব মিজান রাজশাহী থেকে আম সংগ্রহ করে হিমাগারে সংরক্ষণ করেন। উক্ত আম আকার অনুযায়ী ভাগ করে খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রয় করে তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে।

**২৭. জনাব মিজান পণ্যের কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
- ক) স্থানগত
- খ) ঝুঁকিগত
- গ) কালগত
- ঘ) রূপগত

**২৮. মি. মিজান কোন কাজ সম্পাদন করে খুচরা ব্যবসায়ীদের নিকট আম বিক্রয় করেন?**
- ক) পর্যায়িতকরণ
- খ) মোড়কীকরণ
- গ) প্রমিতকরণ
- ঘ) অর্থসংস্থান

**২৯. কপিরাইট কাদের মধ্যকার চুক্তি?**
- ক) উদ্ভাবক ও লেখক
- খ) লেখক ও প্রকাশক
- গ) সরকার ও আবিষ্কারক
- ঘ) সরকার ও লেখক

**৩০. ট্রেডমার্কের মূল উদ্দেশ্য কোনটি?**
- ক) একচেটিয়া আধিপত্য হ্রাস
- খ) ব্যবসায় সম্প্রসারণ
- গ) নৈতিকতা বৃদ্ধি
- ঘ) স্বাতন্ত্র্যতা সৃষ্টি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ |

http://teachingbd.com